



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০২.২০.২৯

তারিখ: ১১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: কারণ দর্শানো পত্র।

সূত্র: ১। জনাব এস.এম. শওকত আলী চৌধুরী, প্রতিষ্ঠাতা সদস্য কলেজ গভর্নিংবডি এর ০৬/০৮/২০২৩খ্রি. তারিখের আবেদন।

২। মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০২.২০.৭৭৫; তারিখ: ০৫/০৯/২০২৩খ্রি.

৩। তদন্ত কর্মকর্তা স্মারক নং- মাউশি/বরি/২০২৩/৬৬৬; তারিখ: ১৪/১২/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ (১) নং স্মারক মোতাবেক পটুয়াখালী জেলার কলাগাছিয়া এস.এম সেকান্দার আলী চৌধুরী ডিগ্রি কলেজে বিধি বহির্ভূতভাবে ল্যাব-সহকারী পদে নিয়োগ বন্ধ করণ প্রসঙ্গে উক্ত কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে অভিযোগের প্রেক্ষিতে সূত্রস্থ (২) নং স্মারক মোতাবেক তদন্ত কর্মকর্তা মনোনয়ন করা হয়। তদন্তদল সূত্রস্থ (৩) নং স্মারক মোতাবেক প্রতিবেদন দাখিল করেন।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মতামত এবং সুপারিশের আলোকে-

- ক) উপাধ্যক্ষ কর্মরত থাকা সত্ত্বেও জনাব ফেরদৌসী বেগম কর্তৃক বিধি বহির্ভূতভাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করায় এবং বিধি বহির্ভূতভাবে কর্মচারী নিয়োগ প্রক্রিয়ার অপচেষ্টায় লিপ্ত থাকায় কেন আপনার বিরুদ্ধে বেতন-ভাতা স্থগিতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা মর্মে ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে তাকে কারণ দর্শানোর জন্য
- খ) জনবল কাঠামো অনুযায়ী ৩ (তিন) জন তৃতীয় শ্রেণির কর্মচারীর মধ্যে একজনও অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে অর্থাৎ উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাণিজ্য শাখায় পাশ নেই কেন এ বিষয়ে ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে কারণ ব্যাখ্যা করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-০১-২০২৪

তপন কুমার দাস

সহকারী পরিচালক

০২-৯৫৫৬০৫৭

ncollege@dshe.gov.bd

ফেরদৌসী বেগম (ভারপ্রাপ্ত অধ্যক্ষ), কলাগাছিয়া এস.এম সেকান্দার আলী চৌধুরী ডিগ্রি কলেজ, গলাচিপা, পটুয়াখালী।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০২.২০.২৯/১ (৫)

তারিখ: ১১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল;
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, কলাগাছিয়া এস.এম সেকান্দার আলী চৌধুরী ডিগ্রি কলেজ, গলাচিপা, পটুয়াখালী (মতামত প্রদানের অনুরোধসহ);

৩। জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী (পত্রটি প্রাপকের নিকট পৌঁছানোর অনুরোধসহ);

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট ই.এম.আই.এস.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) এবং

৫। সংরক্ষন নথি।



২৫-০১-২০২৪

তপন কুমার দাস  
সহকারী পরিচালক